# কুরআন ও সহীহ হাদীসের আলোকে ব্যভিচার ও সমকামিতার ভয়াবহ পরিণতি

বিভাগ/অধ্যায়ঃ লজ্জাস্থান রক্ষার পথে একান্ত বাধাসমূহ

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

১. মহিলাদের নতুন নতুন মডেলের পোশাক-পরিচ্ছদ:

বর্তমান যুগের মহিলারা বাজারে উঠেই নতুন নতুন মডেলের পোশাক-পরিচ্ছদ খুঁজে বেড়ায়। যা সামনে পায় তাই খরিদ করে। যদিও তা পাশ্চাত্য স্টাইলের এবং ইসলামী শরী‘আত বিরোধীই হোক না কেন। মূলতঃ এ পোশাক-পরিচ্ছদ মুসলিম মহিলাদেরকে ধ্বংস করার একটি বিরাট মাধ্যম। যা ইসলামের শত্রুরা আজ ইসলামের বিরুদ্ধেই ব্যবহার করে যাচ্ছে। কারণ, ইসলামের দৃষ্টিতে মেয়েলি পোশাকের মূল উদ্দেশ্যই হচ্ছে, পূর্ণাঙ্গ শরীর ঢেকে রাখা এবং ভারিক্কিপনা অবলম্বন করা তথা উলঙ্গতা ও চঞ্চলতা থেকে দূরে থাকা। যেন মহিলারা ফিতনা ও খবিস লোকদের খপ্পর থেকে দূরে থাকতে সক্ষম হয়।

অন্য দিকে পাশ্চত্য স্টাইলের পোশাকসমূহের উদ্দেশ্যই হচ্ছে, উলঙ্গতা ও বেলেল্লাপনা। যাতে যুবক-যুবতীদের লুক্কায়িত কু-প্রবৃত্তি জাগরিত হয় এবং তাদের মধ্যে যৌন ফ্যাসাদ সৃষ্টি হয়। লজ্জা, সাধুতা ও পবিত্রতা বলতে যেন তাদের মধ্যে আর কিছুই অবশিষ্ট না থাকে। মানুষ যেন প্রবৃত্তির গোলাম হয়ে যায়।

Source — https://www.hadithbd.com/books/link/?id=9560

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন